ইত্তেফাক

তারিখ 18 JAN 1986
পৃষ্ঠা 1 কলাম 6

030

# ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশ

( ইত্তেফাক রিপোর্ট )

১৯৮৫ সনে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বি, এ, (পাস) পরীক্ষায় পাসের হার শতকরা ৪১ দশমিক ৫, বি,এস-সি (পাস) এর পাসের হার শতকরা ৩৯ এবং বি কম (পাস)-এর পাসের হার শতকরা ৩৪ দশমিক ৬। গতকাল (শুক্রবার) এইগুলি সহ সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়। বি, এ, (পাস) পরীক্ষায় ৩ জন প্রথম বিভাগে এবং ১ হাজার ৪ শত ২২ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন। বিএসসি (পাস) পরীক্ষায় প্রথম বিভাগ পান ১৬ জন, দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হন ৬ শত ৫২ জন। বি, কম (পাস) এ ১ জন প্রথম বিভাগ এবং ১৬৯ জন দ্বিতীয় বিভাগ লাভ করেন।

বি,এ/বিএস এস সাবসিডিয়ারী (১২শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষার ফল

( ১ম পৃঃ পর )

ছিল ২ শত ৫৫ জন, মোট ৭৫ জন উত্তীর্ণ হইয়াছেন ( ২৯ দশমিক ৪ শতাংশ )।

বি এ, পরীক্ষায় শোচনীয়তম পরীক্ষায় পাসের হার ৭৩ শতাংশ। বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষায় শতকরা ২৯ দশমিক ১ ভাগ উত্তীর্ণ হন। ৩৮ দশমিক ২ শতাংশ উত্তীর্ণ হইয়াছেন বি,কম সাবসিডিয়ারী পরীক্ষায়। বি,এ, বিএসসি তিন শাখায় মোট হিসাবে সর্বাধিক পরীক্ষার্থী বিশিষ্ট সরকারী জগন্নাথ কলেজের ফলাফল শোচনীয় পর্যায়ের। বিএসসি পরীক্ষায় ৫ শত ৮ জনের মধ্যে ১ জন প্রথম বিভাগে ও ৩৭ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণসহ মোট উত্তীর্ণের সংখ্যা ১ শত (পাসের হার শতকরা ১৯ দশমিক ৭)। বিএ পরীক্ষার্থী ছিল ৭ শত ২৮ জন; উত্তীর্ণ হন মোট ২২৩ জন ( তিরিশ দশমিক ছয় শতাংশ )।